বর্ধমান বিশ্ববিদ্যালয়ের
কর্মসচিব বিভাগ:সংস্থাপন শাখা
রাজবাটী, বর্ধমান

## বিজ্ঞপ্তি

নং: আর -ই/১ (১) /১৬৬ তারিখ: ১৩/০৮/২০২৬

এতদ্বারা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে আগামী ১৫ ই আগস্ট,২০২৬ (শনিবার) ৮০তম স্বাধীনতা দিবস উদ্‌যাপিত হবে এবং ওই দিন একই অনুষ্ঠানে ঋষি অরবিন্দের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হবে।

এই উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড: শঙ্কর কুমার নাথ মহাশয় ওই দিন সকাল ৯ টা ১৫ মিনিটে রাজবাটী প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন এবং বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের মাননীয় অধ্যাপক ড: সুদীপ বসু মহাশয় ঋষি অরবিন্দ এবং তাঁর কর্মকান্ড সম্পর্কে সকলকে অবহিত করবেন।

দিনটিকে স্মরণীয় করে রাখার জন্য সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করবেন বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক শাখা ও বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ইচ্ছুক শিল্পীরা ।

বিশ্ববিদ্যালয়ের সমস্ত ছাত্রছাত্রী, গবেষক, গবেষিকা, শিক্ষক, শিক্ষিকা, আধিকারিক ও কর্মীবন্ধুদের উপস্থিত থেকে অনুষ্ঠানটিকে সর্বাঙ্গসুন্দর করে তোলার জন্য আন্তরিক অনুরোধ জানাই ।

(অরিজিৎ চ্যাটার্জী )
কর্মসচিব (ভারপ্রাপ্ত)

নং: আর-ই/১ (১) /১৬৬/১ (১৫) তারিখ: ১৩/০৮/২০২৬

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিতহল :-

১) বিশ্ববিদ্যালয়ের কলা ও বিজ্ঞান বিভাগের অধ্যক্ষ।
২) বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধান......তাদের অধীনস্থ সকল ছাত্রছাত্রী, গবেষক, গবেষিকা, শিক্ষক, শিক্ষিকা ও কর্মীবন্ধুদের মধ্যে বিতরণ করার অনুরোধ সহ।
৩) বিশ্ববিদ্যালয়ের সকল আধিকারিক......তাদের অধীনস্থ সকল কর্মীবন্ধুদের মধ্যে বিতরণ করার অনুরোধ সহ।
৪) আহ্বায়ক, বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক শাখা।
৫) সিস্টেম ইঞ্জিনিয়ার, কম্পিউটার সেন্টার, গোলাপবাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয় - বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ সহ।
৬) সম্পত্তি আধিকারিক, বর্ধমান বিশ্ববিদ্যালয় -অনুষ্ঠানটি আয়োজনের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ ।
৭) সভাপতি / সম্পাদক, অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ (উচ্চশিক্ষা), বর্ধমান বিশ্ববিদ্যালয় শাখা, সভাপতি / সম্পাদক, বর্ধমান বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি/ সমন্বয়ক, পশ্চিমবঙ্গ বিশ্ববিদ্যালয় কর্মচারী সংঘ (বর্ধমান বিশ্ববিদ্যালয় শাখা), সভাপতি / সম্পাদক, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কর্মচারী ইউনিয়ন , সভাপতি / সম্পাদক, বর্ধমান বিশ্ববিদ্যালয় পেনশনার্স এসোসিয়েশন।
৮) উপাচার্যের সচিবালয়, বর্ধমান বিশ্ববিদ্যালয়।

কর্মসচিব (ভারপ্রাপ্ত)